গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,
এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার),
এপিসিইউ-ডিএএম
গাবতলী ফুলের পাইকারী বাজার (লেভেল-২)
দ্বীপনগর, গাবতলী, মিরপুর, ঢাকা।

স্মারক নং- ১২.০২.০০০০.৫৪৯.২৫.০১৬.২৫-৮০৪ তারিখ: ২০-০৫-২০২৬খ্রি.

**বিষয়: ম্যাচিং গ্রান্টের মাধ্যমে যন্ত্রপাতি/ পরিবহণ সেবা প্রাপ্তির আবেদন**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার), এপিসিইউ-ডিএএম শীর্ষক প্রকল্পের আওতায় ১২০০০ জন নারী এবং ৮০০০ জন তরুণকে অন-দ্যা-জব প্রশিক্ষণ প্রদান, ২০০ ফার্মারস হাব গঠন, এবং ইনকিউবেশন সহযোগিতার মাধ্যমে কৃষি উদ্যোক্তা গড়ে তোলা হচ্ছে। প্রকল্পের আওতায় অন-দ্যা-জব প্রশিক্ষণপ্রাপ্ত সম্ভাবনাময় উদ্যোক্তা, ফার্মারস হাব মালিক এবং কৃষিপণ্য রপ্তানিকারকগণকে তাদের চাহিদা এবং আবেদনের ভিত্তিতে ম্যাচিং গ্রান্টের মাধ্যমে পরিবহণ এবং যন্ত্রপাতি প্রদান করা হবে।

এমতাবস্থায়, আপনার জেলায় ম্যাচিং গ্রান্টের মাধ্যমে পরিবহণ এবং যন্ত্রপাতি গ্রহণে আগ্রহী অন-দ্যা-জব প্রশিক্ষণপ্রাপ্ত সম্ভাবনাময় উদ্যোক্তা, ফার্মারস হাব মালিক এবং কৃষিপণ্য রপ্তানিকারক হতে আগামী ২৫ই জুন ২০২৬ তারিখের মধ্যে আবেদন ফরম অনুযায়ী আবেদন সংগ্রহ করে নিজ নিজ দপ্তরে মূল কপি সংরক্ষণ পূর্বক আবেদনপত্র সমূহের ছায়ালিপি (photo copy) আগামী **৩০ জুন ২০২৬** তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২০/৫/২০২৬

(ড. মুহাম্মদ আবদুল্লাহ আল-ফারুক)
এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর (উপসচিব)
পার্টনার, এপিসিইউ-ডিএএম
ই-মেইল: partner.dam@gmail.com

**প্রয়োজনীয় কার্যার্থে:**

১) সিনিয়র/কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, .................. জেলা (সকল)।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) বিভাগীয় উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/ময়মনসিংহ।
২) ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার, এপিসিইউ-ডিএএম, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
৩) সিনিয়র মনিটরিং অফিসার, পার্টনার, এপিসিইউ-ডিএএম, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। ।
৪) এক্সপোর্ট এন্ড প্রাইভেট সেক্টর এনগেজমেন্ট কনসালটেন্ট, পার্টনার, এপিসিইউ-ডিএএম, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
৫) অফিস কপি।